গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাগমারা,রাজশাহী।

স্মারক সংখ্যাঃ ০৫.৪৩.৮১১২.০১২.০৯.০০৯.২২- ৪৪৯

তারিখ ঃ- ১৬ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
৩০ মার্চ ২০২৩ খ্রিষ্টাব্দ

## "হাট-বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি"(৪র্থ বার)

বিজ্ঞপ্তি নং-০৪/২০২৩

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাগমারা উপজেলাধীন নিম্নতফশীলভুক্ত হাট-বাজার সমূহ বাংলা ১৪৩০ সনের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১ বছর মেয়াদে অস্থায়ী ভিত্তিতে ইজারা প্রদানের নিমিত্ত প্রকৃত হাট-বাজার ব্যবসায়ী/সর্বসাধারণের নিকট হতে সরকার কর্তৃক আরোপিত শর্তসম্বলিত দরপত্র/সিডিউল ফরমে সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র দাতাকে উদ্ধৃত মূল্যের ৩০% অর্থ ব্যাংক ড্রাফটের মাধ্যমে জামানত হিসাবে দরপত্রের সাথে "উপজেলা নির্বাহী অফিসার, বাগমারা, রাজশাহী'র অনুকূলে জমা দিতে হবে। ইজারা সংক্রান্ত তথ্য নিম্নস্বাক্ষরকারীর দপ্তর হতে অফিস চলাকালীন সময়ে সিডিউল বিক্রয়ের পূর্ব দিন পর্যন্ত এবং www. bagmara.rajshahi.gov.bd ওয়েব সাইট হতে জানা যাবে। দরপত্র সিডিউল নিম্নলিখিত তারিখ অনুযায়ী সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ টা পর্যন্ত নির্ধারিত মূল্যে (অফেরত যোগ্য) অফিস চলাকালীন দিন গুলিতে জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী (স্থানীয় সরকার শাখায়), উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বাগমারা, রাজশাহী, সহকারী কমিশনার (ভূমি), বাগমারা, রাজশাহী, অফিসার ইন- চার্জ বাগমারা থানা এবং ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ, ভবানীগঞ্জ শাখা, বাগমারা, রাজশাহীর কার্যালয় হতে ক্রয় করা যাবে এবং নিম্নবর্ণিত ধার্য্য তারিখে জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বাগমারা, রাজশাহীতে রক্ষিত দরপত্র বাক্সে সকাল ৯.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত দরপত্র গ্রহণ করা হবে এবং ঐ দিনই বিকাল ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।

### তফশীল (বাংলা ১৪৩০ সনের হাট-বাজার ইজারা)

উপজেলাঃ বাগমারা, জেলাঃ রাজশাহী

| ক্রমিক সংখ্যা | হাট ইজারের নাম | অবস্থান (ইউনিয়ন) | ৩ বছরের গড় মূল্য | ৬% বৃদ্ধিতে সরকারী মূল্য | দরপত্র মূল্য (অফেরত যোগ্য) | দরপত্র বিক্রয়ের তারিখ (অফিস চলাকালীন সময়) | দরপত্র দাখিলের তারিখ (সকাল ০৯টা হতে বেলা ০১টা পর্যন্ত) |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | বাঁধের হাট | নরদাশ | ১,৬০,৪৩৩/- | ১,৭০,০৬০/- | ১,০০০/- | ৪র্থ বার ১০-০৪-২০২৩ পর্যন্ত | ১১-০৪-২০২৩ |
| ২ | মোহাম্মদপুর হাট | বাসুপাড়া | ৪৭,৩৩৪/- | ৫০,১৭৪/- | ৫০০/- | | |
| ৩ | বাগমারা হাট | গনিপুর | ৩,০১,০০০/- | ৩,১৯,০৬০/- | ১,৪০০/- | | |
| ৪ | পোড়াকয়া হাট | গনিপুর | ৫,২৩৪/- | ৫,৫৪৮/- | ৫০০/- | | |
| ৫ | বনশিবাড়ী হাট | ঝিকরা | ৩,৬০,০০০/- | ৩,৮১,৬০০/- | ১,৪০০/- | | |
| ৬ | ঝিকরা হাট | ঝিকরা | ২,৬০,০৬৭/- | ২,৭৫,৬৭১/- | ১,২০০/- | | |
| ৭ | মদাখালী হাট | ঝিকরা | ৪৫,৫৬৭/- | ৪৮,৩০১/- | ৫০০/- | | |
| ৮ | মধ্যঝিনা হাট | ঝিকরা | ১,৯১,১০০/- | ২,০২,৫৬৬/- | ১,২০০/- | | |
| ০৯ | কনোপাড়া হাট | গোয়ালকান্দি | ৮২০/- | ৮৭০/- | ৫০০/- | | |
| ১০ | নখোপাড়া হাট | যোগীপাড়া | ৪৪,৮৫০/- | ৪৭,৫৪১/- | ৫০০/- | | |
| ১১ | যাত্রাপুকুর হাট | যোগীপাড়া | ৬০,৮৬৭/- | ৬৪,৫১৯/- | ৫০০/- | | |
| ১২ | ভটখালী হাট | যোগীপাড়া | ১৩,৬৩৪/- | ১৪,৪৫২/- | ৫০০/- | | |

বিশেষ শর্তাবলীঃ

১। বাংলা ১৪৩০ সনের ১ লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ১ বছর মেয়াদ কালের জন্য হাট-বাজার ইজারা দেওয়া হবে।

২। দরপত্র দাতা কে দরপত্রের সাথে দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, বাগমারা রাজশাহীর অনুকূলে জমা দিতে হবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হবে। উক্ত টাকা হইতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং অবশিষ্ট ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তাহা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা(জামানত) জমাকারীর বরাবরে প্রত্যার্পন করা হবে।

৩। যাহার দরপত্র গৃহীত হবে দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% অর্থ এবং দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট সংশ্লিষ্ট কোডে ট্রেজারী চালানের মাধ্যমে জমা করে চালানের মূল কপি অবশ্যই একই সঙ্গে জমা দিতে হবে। অন্যথায় ইজারার জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত দরের অংক যদি সংশ্লিষ্ট হাট বাজারের সরকারী মূল্যের কম হয় তাহা হলে পুনঃরায় দরপত্র আহবান করা হবে।

৫। এক হাটের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাটের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্ভুক্ত হাটের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

৬। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা, মোবাইল নং ও হাট-বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৭। সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে হাটের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাঙ্গিয়ে প্রচার করবেন।

৮। প্রত্যেক হাটের জন্য পৃথক পৃথক সীল মোহর কৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তি পত্রের শর্ত লংঘন করা হয় তাহা হলে ইজারা বাতিলের ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। ইজারার সমুদয় অর্থ (ভ্যাট,আয় কর সহ) পরিশোধের তিন কার্যদিবসের মধ্যে ৩০০/-(তিনশত) টাকার ননজ্যুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলিয়া গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্ট্রার সংরক্ষণ করবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটা-কাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণ যোগ্য হবে না।

১৫। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

(এ,এফ,এম, আবু সুফিয়ান)
উপজেলা নির্বাহী অফিসার
বাগমারা, রাজশাহী।
ফোন-০২৫৮৮৮৬৯৫০১
email:unobagmara@mopa.gov.bd

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।

০৩। জেলা প্রশাসক, রাজশাহী।

০৪। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী।

০৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী।

০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাগমারা, রাজশাহী।

০৭। অতিরিক্ত জেলা প্রশাসক, (সার্বিক/রাজস্ব) রাজশাহী।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ

০৮। উপপরিচালক, স্থানীয় সরকার বিভাগ, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী তাঁকে ধার্য তারিখে টেন্ডার বাক্স স্থাপন ও যথাযথ ভাবে সংরক্ষণের জন্য অনুরোধ জানানো হল।

০৯। উপজেলা নির্বাহী অফিসার,..........................................................(সকল), রাজশাহী।

১০। সহকারী কমিশনার(ভূমি), বাগমারা, রাজশাহী।

১১। মেয়র/চেয়ারম্যান..........................................................পৌরসভা/ইউনিয়ন পরিষদ, তাহেরপুর/ভবানীগঞ্জ বাগমারা রাজশাহী।

১২। উপজেলা ..........................................অফিসার, বাগমারা, রাজশাহী।

১৩। অফিসার ইনচার্জ, বাগমারা থানা, রাজশাহী।

১৪। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, ভবানীগঞ্জ শাখা, বাগমারা, রাজশাহী।

১৫। সহকারী প্রোগ্রামার, আইসিটি, বাগমারা, রাজশাহী। তাকে বিজ্ঞপ্তিটি www. bagmara.rajshahi.gov.bd ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১৬। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা..........................................................ইউনিয়ন ভূমি অফিস,বাগমারা, রাজশাহী তাকে তার এলাকাধীন হাট বাজারে ঢোল সহরতের মাধ্যমে বিজ্ঞপ্তিটি প্রচারান্তে প্রতিবেদন দাখিলের জন্য বলা হল।

১৭। ইজারাদার..........................................হাট বাজার, বাগমারা, রাজশাহী তাকে বিজ্ঞপ্তিটি তার হাটে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

(এ,এফ,এম, আবু সুফিয়ান)
উপজেলা নির্বাহী অফিসার
বাগমারা, রাজশাহী।
ফোন-০২৫৮৮৮৬৯৫০১
email:unobagmara@mopa.gov.bd